ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

14 August 2026 7:35 AM IST

================================================================

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দেশের স্বাধীনতার ৮০তম বর্ষের প্রাক সন্ধ্যায় আজ রাত সাতটায় জাতীর উদ্দেশ্যে ভাষন দেবেন । রাষ্ট্রপতির জাতীর উদ্দেশ্যে প্রদত্ত এই ভাষন আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে শোনা যাবে । রাষ্ট্রপতির হিন্দী ও ইংরেজী ভাষনের অব্যবহিত পর আঞ্চলিক ভাষায় অনুবাদ প্রচার করা হবে ।

রাষ্ট্রপতির জাতীর উদ্দেশ্যে প্রদত্ত ভাষনের জন্য আমাদের কেন্দ্রের সান্ধ্যকালীন আঞ্চলিক সংবাদ রাত ৭টা ৪৫ মিনিটের পরিবর্তে রাত ৮টা ৩০ মিনিটে প্রচার করা হবে ।

................................................................

রাজ্যের সীমান্ত সুরক্ষা ও উন্নয়ন বিভাগের মন্ত্রী অতুল বরা গতকাল ধেমাজি জেলার গোগামুখের আসাম অরুণাচল সীমান্তবর্তী মিংমাং বদতিতে সংগঠিত গুলিচালনার ঘটনার পরিপ্রেক্ষিতে সৃষ্টি হওয়া পরিস্থিতি সম্পর্কে বেশ কয়েকটি সংগঠনের প্রতিনিধির সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হন । বৈঠকে মন্ত্রী শ্রী বরা জানান যে আসাম সরকার ইতিমধ্যে অরুণাচল প্রদেশের সরকারের সঙ্গে

আলোচনার মাধ্যমে সীমা সমস্যা সমাধানের জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে । অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী পেমা খান্ডু এই ঘটনার সঙ্গে জড়িত লোকেদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার আশ্বাস দিয়েছেন বলে শ্রী বরা জানান ।

শ্রীবরা আরো জানান----

**বাইট**

........................................................................................................

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায় আসাম এবং অরুণাচল প্রদেশের মধ্যে সম্পর্কের বিষয়ে উল্লেখ করে বলেন যে বিগত বছরগুলোতে আলোচনা ও বন্ধুত্বের মাধ্যমে সীমান্ত সম্পর্কীত অধিকাংশ সমস্যার সমাধান করা হয়েছে । ।

........................................................................................................

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে বদরপু-লামডিং পাহাড় লাইনের নিউ হারাঙ্গাজাও ষ্টেশনের এক ও দু নম্বর রুটে লাইন সংস্কার কাজের জন্য আজ গুয়াহাটি - শিলচর এক্সপ্রেস ট্রেন এবং আগামীকালের শিলচর - গুয়াহাটি এক্সপ্রেস ট্রেনের যাত্রা বাতিল করা হয়েছে ।

এছাড়াও , নারাঙ্গী - আগারতলা , সাইরাং - গৌহাটি , শিলচর - রঙ্গিয়া এক্সপ্রেস ট্রেনগুলির যাত্রার সময়সূচির কিছুটা পরিবর্তন করা হয়েছে । অন্যদিকে আনন্দবিহার টার্মিনাল - আগরতলা তেজস এক্সপ্রেস ট্রেনটির যাত্রা নিয়ন্ত্রণ করা হয়েছে ।

........................................................................................................

শ্রীভূমি জেলায় আজ বিভাজন , বিভীষিকা স্মৃতি দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে আজ জেলা আয়ুক্তের কার্যালয়ে একটি তথ্যচিত্র প্রদর্শন সহ মোমবাতি মিছিলের আয়োজন করা হয়েছে । এছাড়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিভাজন বিভীষিকা স্মৃতি দিবসের উপর বিশেষ প্রদর্শনী , বক্তৃতা ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে । হর ঘর তিরঙ্গা কার্যসূচীতে জেলার প্রতিটি কার্যালয়ে সন্ধায় আলোকসজ্জার ব্যবস্থা করা হয়েছে । জেলার ৩০ টি স্থানে জাতীয় পতাকা বিক্রয় ষ্টল খোলা হয়েছে । এদিকে গতকাল থেকে জেলার সব কার্যালয়ে স্বচ্ছতা অভিযান ও বৃক্ষ রোপন কার্যসূচীও শুরু হয়েছে ।

কাছাড় জেলায়ও আজ বিভাজন বিভীষিকা স্মৃতিদিবস উপলক্ষ্যে সন্ধ্যা সাড়ে ৬ টায় জেলা ক্রীড়া সংস্থার প্রাঙ্গন থেকে মোমবাতি মিছিল বের করা হবে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ বিভাজন বিভীষিকা দিবস পালন করা হবে ।

এদিকে ভারতীয় জনতা যুব মোর্চার হাইলাকান্দি শহর মন্ডল কমিটির উদ্যোগে গতকাল হাইলাকান্দি শহরে হর ঘর তিরঙ্গা কার্যসূচীর অঙ্গ হিসেবে বিজেপি কার্য্যলয় থেকে একটি র্যালী বের হয়ে শহর পরিক্রমা করে শহীদ বেদীতে এসে শেষ হয় । র্যালীতে বিধায়ক ডক্টর মিলন দাস সহ দলীয় কর্মকর্তা ও সর্মথকরা অংশগ্রহন করেন ।

---

আসাম কলেজ লাইব্রেরিয়ান অ্যাসোসিয়েশনের উদ্যোগে এবং হাইলাকান্দির শ্রীকিষান সারদা কলেজের সহযোগীতায় গত বুধবার কলেজের সম্মেলন কক্ষে জাতীয় গ্রন্থাগারিক দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে জাতীয় গ্রন্থাগারিক দিবসের তাৎপর্য্য এবং ডিজিটেল যুগে গ্রন্থাগারের পরিবর্তনশীল ভূমিকা নিয়ে আলোচনা করা হয় । কারিগরী অধিবেশনে কলকাতার যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সুর্বণ দাসের পরিচালনায় কমিউনিটি ইনফরমেশন সার্ভিসের জন্য অ্যাকাডেমিক লাইব্রেরির ব্যবহার শীর্ষক একটি সক্ষমতা বৃদ্ধি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে ।

---

ধলাই বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত মাতৃভূমি কাপ প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় মোহনখালের ঝানুখাল এফ সি খেলবে আরমান ফার্নিচার এফ সি-র বিরুদ্ধে । ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় লকেল এফ সি সপ্তগ্রাম ৪-২ গোলে দিদারখুশ জি পি দলকে পরাজিত করে ।

---